

১০২০৫  
২৬



সিলেট বিভাগীয় জাতীয় গণগ্রন্থাগার

## সিলেটে জাতীয় গ্রন্থাগারের পূর্ণাঙ্গ কার্যক্রম চালু হয়নি

সিলেট ব্যুরো

দেশের শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে ব্যাপক ভূমিকা রাখতে দেশের ছয়টি বিভাগে রয়েছে জাতীয় গণগ্রন্থাগার। সিলেট স্টেডিয়ামের পূর্বপার্শ্বে সিলেট বিভাগীয় জাতীয় গণগ্রন্থাগারটির যাত্রা শুরু হয় ২০০৫ সালের ২ ডিসেম্বর। প্রায় ৪২ শতক জমির ওপর প্রতিষ্ঠিত হয় এ গ্রন্থাগারটি। চারতলা বিশিষ্ট এ গ্রন্থাগার ভবনটি আধুনিক গ্রন্থাগারের আদলে প্রতিষ্ঠা করা হয়েছে। গ্রন্থাগারটির নিচতলায় রয়েছে একটি সুপারিসর সেমিনার কক্ষ, উপ-পরিচালকের কক্ষ, সাধারণ অফিস কক্ষ, কম্পিউটার কক্ষ, বই সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ কক্ষ এবং স্টোর। দ্বিতীয় তলায় রয়েছে একটি বড় পরিসরে সাধারণ পাঠকক্ষ, লাইব্রেরিয়ানের কক্ষ, বুক স্ট্যাক ১টি, শিশু পাঠকক্ষ, রি-প্রোডাকশন কক্ষ, স্টোর এবং কেন্দ্রীয় চেক পোস্ট ১টি। তৃতীয় তলায় রয়েছে বিজ্ঞান পাঠকক্ষ, কেন্দ্রীয় বুক স্ট্যাক, সহকারী লাইব্রেরিয়ানের কক্ষ এবং স্টোর। চতুর্থ তলায় রয়েছে রেফারেন্স পাঠকক্ষ, অডিও ভিজুয়াল কক্ষ, গবেষণা কক্ষ। এছাড়া প্রতি তলায় রয়েছে দুটি করে টয়লেট। ভবনটিতে পুরুষ ও মহিলাদের জন্য আলাদা দুটি নামাজের কক্ষও রয়েছে। রয়েছে বিতরণ ব্যবস্থা, পানির ব্যবস্থা। আধুনিক স্থাপত্য শৈলীতে অত্যন্ত সুন্দর ভবনটি নির্মিত হয়েছে। পর্যাপ্ত আলো-বাতাসে মনোরম পরিবেশে ও নিরিবিধিতে পাঠের সুব্যবস্থা রয়েছে এখানে। সাহিত্য ও জ্ঞানের বিভিন্ন বিষয়ের বই রয়েছে এখানে। জানা যায়, গ্রন্থাগারটিতে প্রায় ৪২ হাজার বই রয়েছে। এছাড়া ৮টি জাতীয় দৈনিক ও ১টি স্থানীয় দৈনিক পত্রিকা এবং বিভিন্ন সাময়িকী রাখা হয় নিয়মিত। এখান থেকে পাঠকদের বাড়িতে কোন বই নেয়ার ব্যবস্থা না থাকলেও প্রয়োজনীয় নোট নিতে পারেন পাঠকরা। গ্রন্থাগারটিতে নিয়োজিত সব কর্মহর্তা-কর্মচারী পাঠকদের সেবাদানে অত্যন্ত অনুরক্ত। এখানে পাঠ্যসামগ্রীগুলো আন্তর্জাতিকভাবে প্রচলিত ডিওভিসিমেল ক্লাসিফিকেশন পদ্ধতিতে শ্রেণীকৃত এবং অ্যাংলো আমেরিকান ক্যাটাগরিং সিস্টেম-২ অনুযায়ী সূচিকৃত করা হয়েছে। গ্রন্থাগারটি সব ধর্ম-বর্ণ, বয়স, পেশা নির্বিশেষে বিভিন্ন শ্রেণীর জনগণের জন্য উন্মুক্ত। শুরু ও শনিবার সাপ্তাহিক ছুটি ও সরকারি ছুটি ব্যতীত সব কর্মদিবসে সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত খোলা থাকে। তবে এতসব আয়োজন নিয়েও গ্রন্থাগারটি এখনও পূর্ণাঙ্গভাবে ব্যবহার বা এর কার্যক্রম চালু করা হয়নি। বর্তমানে গ্রন্থাগারটিতে কেবল সাধারণ পাঠকক্ষ ও শিশুপাঠকক্ষ চালু রয়েছে। বিভাগীয় গণগ্রন্থাগার হলেও এটি শুধু সিলেট জেলায় কার্যক্রম পরিচালনা করছে। গ্রন্থাগারটিতে অবকাঠামোগত সব ধরনের ব্যবহারিক সুযোগ-সুবিধা সৃষ্টি করা হলেও পর্যাপ্ত সংখ্যক লোকবলের অভাবে পূর্ণাঙ্গ কার্যক্রম শুরু করতে পারছে না। প্রতিষ্ঠানটিতে মোট ৩৫টি পদ রয়েছে। এর মধ্যে ৪টি পদ রাজস্ব খাতে বিদ্যমান এবং বাকি ৩১টি পদ উন্নয়ন খাতের আওতায় রয়েছে। রাজস্ব খাতের পদগুলো হল সহকারী লাইব্রেরিয়ান, লাইব্রেরি সহকারী, বুকস্টার, প্রহরী। এর মধ্যে লাইব্রেরি সহকারী পদটি শূন্য রয়েছে। এছাড়া উন্নয়ন খাতের বাকি ৩১টির মধ্যে নেশপ্রহরী ৩ জন, মালি ১ জন, এবং এমএলএসএস ১ জন করে মোট ৫ জন কর্মচারী কাজ করছেন। কিন্তু উন্নয়ন খাতের এ ৫ জন কর্মচারীর ২০০৬ সালের ৩০ জুন থেকে মেয়াদ শেষ হয়ে যাওয়ায় তারা এখন বিনা বেতনে কাজ করছেন। এদিকে উন্নয়ন খাতের পদগুলো রাজস্ব খাতের সৃষ্টির প্রক্রিয়াধীনে থাকলেও এ পর্যন্ত এর কোন পদ রাজস্ব খাতে আনা হয়নি।